

**উত্তর:** বেগুনে সাদা মাছি এবং ডগা ও ফল ছিদ্রকারী পোকা হওয়ার অন্যতম কারণ অতিরিক্ত কীটনাশক স্প্রে করা। অতিরিক্ত স্প্রে করার ফলে সাদা মাছি এবং ডগা ও ফল ছিদ্রকারী পোকা একদিকে যেমন কীটনাশকের উপর সহনশীল হয়ে উঠে অন্যদিকে এদের প্রাকৃতিক শক্তিপোকা যেমন পরজীবি ও পরভোজী পোকা মারা যায় ফলে বেগুনে সাদা মাছি এবং ডগা ও ফল ছিদ্রকারী পোকার উপন্দপ বেড়ে যায়।

**প্রতিকার:** বেগুন গাছে সাদা মাছি পোকা প্রতিকারের জন্য ১) হলুদ রংয়ের আঠালো ফাঁদ ব্যবহার করা যেতে পারে ২) গুড় সাবান ৫ গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে ৭ দিন অন্তর ২-৩ বার স্প্রে করে এই পোকা দমন করা যায় ৩) বায়োনিম প্লাস (অ্যাজাডির্যাকটিন) ১ মিলি প্রতি লিটার পানিতে মিশিয়ে ৭ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হবে।

বেগুন গাছে ডগা ও ফল ছিদ্রকারী পোকা প্রতিকারের জন্য ১) সপ্তাহে অন্তত: একবার পোকা আক্রান্ত ডগা ও ফল বাছাই করে বিনষ্ট করতে হবে। ২) সেক্স ফেরোমন ফাঁদের ব্যবহার: চারা লাগানোর ২/৩ সপ্তাহের মধ্যেই জমিতে ১২ মিটার দূরত্বে ফেরোমন ফাঁদ পাততে হবে। ৩) আক্রমনের মাত্রা বেশী হলে জৈব বালাইনাশক, স্পেনোসেড (ট্রেসার) প্রতি ১০ লিটার পানিতে ৪ মি:লি: পরিমাণ মিশিয়ে গাছে ফুল আসার সময় হতে প্রতি ২ সপ্তাহ অন্তর ৩-৪ বার স্প্রে করতে হবে।

